MYcRvZš¿x evsjv‡`k miKvi
Aa¨‡¶i Kvhv©jq
†bvqvLvjx miKvix K‡jR, †bvqvLvjx
†dvbt 88-0321-61594 (bZb K¨v¤úvm). 0321-62299(cyivZb K¨v¤úvm)d¨v· : 0321-71507
B -‡gBj: ngc_principal@yahoo.com

তারিখঃ ০৯.০৬.২০১৮ খ্রি.

## ২০১৬-২০১৭ সালের এমএ/ এমএসএস/ এমবিএস ১মপর্ব পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণেচ্ছু প্রার্থীদের পালনীয় নিয়মাবলি:-

১। আবেদনের যোগ্যতা ও নির্দেশাবলী

ক) এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৪ থেকে ২০১৬ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী সড়বাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা চার বছর মেয়াদী সড়বাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে এবং ভর্তিচ্ছু বিষয়ে (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪০% নম্বর অথবা সিজিপিএ পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা উক্ত প্রোগ্রামে রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

গ) উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষে প্রণীত মাস্টার্স ১ম পর্বের পুরাতন সিলেবাস অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে।

ঘ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

ঙ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

চ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থী ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এছাড়াও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২। অনলাইনে আবেদনের নিয়মাবলী, সময়সূচী ও ধার্যকৃত ফি :

ক) আবেদনের জন্য প্রার্থীকে ১০/০৬/২০১৮ তারিখ বিকাল ৪টা থেকে ১০/০৭/২০১৮ তারিখ রাত ১২টা পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd) এ ফরম পূরণ করতে হবে।

খ) প্রতিটি কলেজে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অধিভুক্ত একটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) প্রার্থী আবেদন করতে পারবে।

গ) প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Master's Tab এ গিয়ে Apply Now (Masters Preli. Private) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরমে প্রার্থীর ছবি বা কোন তথ্য ভুল/অসত্য বলে প্রমাণিত হলে তার রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঘ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে প্রার্থীর ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে এবং উক্ত তালিকা থেকে সতর্কতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দ নির্ধারণ করবে।

ঙ) আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ 120_150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে। প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

ছ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে প্রার্থী তার আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে Applicant's Login (Master Preli. Private) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে।

৩. কোন প্রার্থী নিয়মিতভাবে কোন কলেজে মাস্টার্স কোর্সে ভর্তি থাকলে বা ভর্তি হলে প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে নাম রেজিস্ট্রেশন করতে পারবেনা।

৪. ফরমের সাথে নিম্নের কাগজপত্র জমা দিতে হবে:

(ক) এসএসসি/ এইচএসসি / সমমানের পরীক্ষা পাশের মূল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি-০২(দুই) কপি।

(খ) ডিগ্রি(পাস) পরীক্ষা পাশের মূল/ সাময়িক সনদ, মূল নম্বর ফর্দের সত্যায়িত ফটোকপি প্রতিটি ০২ কপি করে

(গ) ডিগ্রি(পাস) পরীক্ষার রেজি:কার্ডের ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত)

(ঘ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক চরিত্রগত সার্টিফিকেট এবং পাঠবিরতি সনদপত্র

(ঙ) প্রার্থীর ০৪(চার) কপি সত্যায়িত পাসপোর্টসাইজের ছবি।

(চ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণ কর্তব্য হতে অব্যাহতি দেয়া হবে এই মর্মে প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।

৫. প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে অংশ গ্রহণ করতে ইচ্ছুক প্রার্থীগণ রেজিস্ট্রেশন ফি = ৮০০/- (আটশত) টাকা, আবেদনপত্র ফি = ৩০০/-(তিনশত) টাকা ইনকোর্স ফি = ২০০/- (দুইশত) টাকা, বিবিধ = ১০০/- (একশত) টাকা হারে সর্বমোট = ১৪০০/- (একহাজার চারশত) টাকা শিওর ক্যাশের মাধ্যমে জমা দিয়ে জমার আইডি রশিদ ও ডাউনলোডকৃত ফরম সংশ্লিষ্ট কমিটির নিকট জমা দিয়ে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৬. আবেদন ফরমের ২ টি অংশ থাকবে যার ১ম অংশ কলেজ/ বিশ্ববিদ্যালয়ের এবং ২য় অংশ আবেদনকারীর ফরমের নির্দিষ্ট স্থানে কলেজ অধ্যক্ষ ও প্রার্থী স্বাক্ষর করবেন।

অধ্যক্ষ
নোয়াখালী সরকারী কলেজ
নোয়াখালী।